



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি), আবাসিক হল ভাঙচুর ও শিক্ষকের ওপর হামলার ঘটনায় ১৬ জনকে ৬ মাসের জন্য বহিষ্কারসহ ৪১ শিক্ষার্থীকে বিভিন্ন ধরনের শাস্তি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

শনিবার বিকেলে রিজন বোর্ডের এক মিটিং শেষে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর নিয়াজ মোহাম্মদ বাহাদুর এই তথ্য নিশ্চিত করে বলেন, বৈঠকে ১৬ জনকে ৬ মাসের জন্য বহিষ্কার, ৭ জনকে ২০ হাজার টাকা, ১২ জনকে ৫ হাজার টাকা, ২ জনকে সতর্ক করা হয়েছে।

গত ১ সেপ্টেম্বর রাত ৯টার দিকে প্রকাশ্যে ধূমপান করাকে কেন্দ্র করে সিনিয়র-জুনিয়রদের মধ্যে বাকবিতণ্ডা হয়। এ নিয়ে পরের দিন রাত ১০টায় বিশ্ববিদ্যালয়ের ভাষাশহীদ আব্দুস সালাম হলে উভয় গ্রুপ সংঘর্ষে জড়িয়ে পড়ে। গভীর রাত পর্যন্ত উভয় গ্রুপের মধ্যে থেমে থেমে দফায় দফায় ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। উভয়পক্ষ একে অপরকে ইটপাটকেল ছোড়ে। এতে অন্তত ২০ জন আহত হন। পরে এ ঘটনাকে কেন্দ্র করে পর দিন আবার তারা সংঘর্ষে জড়িয়ে পড়ে। এ সময় আব্দুল মালেক উকিল হলের প্রভোস্ট ও অণুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড.